দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 05 NOV 2017 ...
পৃষ্ঠা ...১৭... কলাম ...১......

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৩২ শিক্ষককে বিদায়ী সংবর্ধনা

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।** ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) বিভিন্ন বিভাগের অবসরে যাওয়া ৩২ প্রবীণ শিক্ষককে বিদায়ী সংবর্ধনা দিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (ডুটা)। শনিবার বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে এক অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. মোঃ আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে শিক্ষকদের হাতে ক্রেস্ট ও মানপত্র তুলে দেন। শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক অধ্যাপক রহমত উল্লাহর সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক নাসরিন আহমাদ, কোষাধ্যক্ষ কামাল উদ্দীন, বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক আতিউর রহমান উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে অধ্যাপক ড. মোঃ আখতারুজ্জামান বলেন, শিক্ষকরা কখনও অবসরে যান না। বিদায়ী শিক্ষকদের রেখে যাওয়া জ্ঞান শিক্ষার্থীরা অনুসরণ করবে। তাই শিক্ষকদের অবসর একটি চলমান প্রক্রিয়া। তিনি বলেন, এই বছরে বিশ্ববিদ্যালয়ে কয়েকটি অনাকাঙ্ক্ষিক ঘটনা ঘটেছে। একটি খারাপ ঘটনা আরেকটি খারাপ ঘটনার জন্ম দেয়। বিশ্ববিদ্যালয় থেকে জাতি সবসময় উন্নত মূল্যবোধ প্রত্যাশা করে। আমরা জাতির সেই প্রত্যাশা পূরণের চেষ্টা করব। বিদায়ী শিক্ষকদের সুদীর্ঘ অভিজ্ঞতা আমাদের প্রেরণার উৎস হিসেবে কাজ করবে।

অধ্যাপক আতিউর রহমান বলেন, বিশ্ববিদ্যালয়ে সারাদেশ থেকে মেধার সমাবেশ ঘটে। কাজেই সেই মেধাকে কাজে লাগাতে হবে। বিশ্ববিদ্যালয় থেকে অনেক কিছু পেয়েছি। বিশ্ববিদ্যালয়ের মান রক্ষা করতে হবে। ভাল কাজ করে ভুলগুলোকে শোধরাতে হবে।